গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নজিপুর সরকারি কলেজ
পত্নীতলা, নওগাঁ।
Tel: 07428-63063 Mobile:-017309-123645 E-mail: ngcol2009@gmail.com Website: www.ngcolbd.com

বিজ্ঞপ্তি নম্বর:ন.স.ক./৭৫০৩/২০২১ তারিখ: ১১/০৮/২০২১ খ্রি.

# ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

তারিখ ঃ ১১/০৮/২০২১ খ্রি.

অত্র কলেজের ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পুরণের যাবতীয় কার্যক্রম Online-এ নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্ধারিত তারিখের পরে ফরম পূরণের আবেদন গ্রহণ করা হবে না। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির সেশন ফি পরিশোধ করে (যারা পূর্বে সেশন দেয়নি) নির্ধারিত সময়ের মধ্যে ফরম পুরণের কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

## ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণের সময়সূচি

| অনলাইনে ফরম পূরণের সময়সূচি | শাখার নাম | ফরম পূরণের স্থান |
|---|---|---|
| ১২/০৮/২০২১ থেকে ২৫/০৮/২০২১ পর্যন্ত | বিজ্ঞান, মানবিক এবং ব্যবসায় শিক্ষা | সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে অনলাইনের মাধ্যমে পরীক্ষার ফরম পূরণ সম্পন্ন করতে হবে। কোন অবস্থাতেই পরীক্ষার্থী বা তার অভিভাবক স্বশরীরে আসতে পরবে না। |

**পরীক্ষার্থীর করণীয়ঃ**

- SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি(SSC) রোল, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

**পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতিঃ**

- SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে হবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।
- উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, DbbI Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।
- এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS) এর সার্ভিস চার্জও (বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্টে/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।
- পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। প্রতিষ্ঠানকর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।

বি.দ্র. নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।

**এক/দুই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্তঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অবশিষ্ঠ অকৃতকার্য/ অনুপস্থিত বিষয়/ বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পরবে।
- যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৮/২০১৯ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮/২০১৯/২০২০ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালের সকল বিষয় (গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়) এক/দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরমপূরণ করতে পরবে।

বি.দ্র. আবশ্যিক বিষয়ের কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না তবে আবশ্যিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীকেও ফরম পূরণ করতে হবে।

**২০২১ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্তঃ**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ ০৪/০১/০৩ এর (ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

**রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্তঃ**

- ২০১৬-২০১৭ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৫-১৬ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

G:\Amir Soft\Office Soft\Amir Office file\Office File\Other lost files\office files\OFFICE FILE\HSC FORMFILLUP 2021\Form Fill-Up\NOTICE-1.doc

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নজিপুর সরকারি কলেজ
পত্নীতলা, নওগাঁ।

Tel: 07428-63063 Mobile:-017309-123645 E-mail: ngcol2009@gmail.com Website: www.ngcolbd.com

**রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্তঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৮ ও ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২০ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও অতিরিক্ত ১০০/- টাকা নবায়ন ফি বোর্ড ফির সাথে পরিশোধ করে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্তঃ**

- রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; এক্ষেত্রে যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।
- এক/দুই বিষয়ে অকৃতকার্য যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ করে প্রবেশ পত্র পেয়েছে এবং উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা ।

**নৈর্বাচনিক বিষয় ও সিলেবাস সংক্রান্তঃ**

| বিষয় | সিলেবাসের বিবরণ |
|---|---|
| রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত | রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত ১ম ও ২য় পত্রের ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। |
| পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল | পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল ১ম ও ২য় পত্রের ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। |
| ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্রের ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ (নবায়নকৃত) শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। |

বি.দ্র. একজন নিয়মিত পরীক্ষার্থী গ্রুপ ভিত্তিক ০৩ টি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে। আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয় এর জন্য কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

**পরীক্ষার ফি-এর বিবরণ:**

| ক্রমিক | বিবরণ | বিজ্ঞান শাখা | মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|---|---|---|
| ১ | বোর্ড ফি | ৮০০ | ৭৭০ | ৭৭০ |
| ২ | কেন্দ্র ফি (ব্যবহারিক সহ) | ৩৬০ | ৩০০ | ৩০০ |
| | সর্বমোট= | ১১৬০ | ১০৭০ | ১০৭০ |

বি.দ্র. উপরোক্ত বিজ্ঞপ্তির সকল প্রকার সংশোধন, সংযোজন, পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**প্রয়োজনে যোগাযোগের জন্য জরুরী মোবাইল নাম্বরঃ**

| ক্রম | বিভাগ | দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের নাম ও পদবী | মোবাইল নাম্বার |
|---|---|---|---|
| ১. | ব্যবসায় শিক্ষা | জনাব মোঃ আকতারুল ইসলাম<br>সহকারী অধ্যাপক, রসায়ন | ০১৭১০-৯৬৮১৬৫ |
| ২. | বিজ্ঞান | জনাব প্রদীপ কুমার সরকার<br>প্রভাষক, রসায়ন | ০১৭১৯-৬১৩২৫২ |
| ৩. | মানবিক | জনাব মোঃ আব্দুর রহমান<br>প্রভাষক, প্রাণিবিদ্যা | ০১৭২৭-৭১৩১৩৭ |
| ৪. | মানবিক | মোঃ আমিরুল মোমেনিন<br>অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০১৭১১-৭০০২৯১ |

স্বা:
অধ্যক্ষ
নজিপুর সরকারি কলেজ
পত্নীতলা, নওগাঁ।

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১. আহবায়ক, উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ফরম পূরণ কমিটি-২০২১
২. প্রধান সহকারী, অত্র কলেজ
৩. অফিস সংরক্ষণ নথি

১১।০৮।২০২১
অধ্যক্ষ
নজিপুর সরকারি কলেজ
পত্নীতলা, নওগাঁ।

G:\Amir Soft\Office Soft\Amir Office file\Office File\Other lost files\office files\OFFICE FILE\HSC FORMFILLUP 2021\Form Fill-Up\NOTICE-1.doc

অধ্যক্ষ
নজিপুর সরকারি কলেজ,
পত্নীতলা, নওগাঁ

Scanned with CamScanner